



রাজশাহীর বাঘায় নতুন বই পেয়ে বাড়ি ফিরছে শিক্ষার্থীরা

• প্রতিনিধি

## মাতোয়ারা শিক্ষার্থীরা

আমাদের সময় ডেস্ক •

বই উৎসবে মেতে উঠেছে সারা দেশের শিক্ষার্থীরাও। বছরের প্রথম দিনে নতুন বইয়ের গন্ধ পাওয়ায় তারা পড়াশোনায় আরও মনোযোগী হয়ে উঠবে বলে মনে করছেন সংশ্লিষ্টরা। আর শিক্ষার্থীরা জানিয়েছে, বছরের প্রথম দিনে বই পাওয়ায় তারা খুব খুশি। তাদের লেখাপড়ায় আর ব্যাঘাত ঘটবে না। এদিকে সারা দেশের মতো সদ্য বিলুপ্ত কুড়িগ্রাম, পঞ্চগড়, লালমনিরহাট ও নীলফামারীর ছিটমহলগুলোয় উদযাপিত হয়েছে বই উৎসব।

প্রতিনিধিদের পাঠানো খবর—

**রাজশাহী :** রাজশাহীর সব প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষার্থীদের হাতে বছরের প্রথম দিন বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ করা হয়। সকাল ১০টায় রাজশাহী

বিশ্ববিদ্যালয় শেখ রাসেল মডেল স্কুলে বই বিতরণ উৎসব উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মুহম্মদ মিজানউদ্দিন।

**লালমনিরহাট :** লালমনিরহাটের সাবেক ছিটমহলগুলোয় চলে বই মহোৎসব। প্রথমবারের মতো নতুন বই হাতে পেয়ে নতুন করে আরও একবার স্বাধীনতার স্বাদ গ্রহণ করে নতুন প্রজন্মের শিশুরা। বই বিতরণকে ঘিরে সাবেক ছিটগুলোতে চলে উৎসবের আমেজ। সকাল ১০টায় সাবেক উত্তর গোতামারী ছিটে অবস্থিত বীর মুক্তিযোদ্ধা মোতাহার হোসেন প্রাথমিক বিদ্যালয়ের আনুষ্ঠানিক বই বিতরণ উদ্বোধন করেন ইউনিয়ন জাওয়ামী লীগ সভাপতি আবুল কাশেম সাব্ব।

**বগুড়া :** বগুড়ার ৮ লাখ ৬ হাজার ২৫৪ শিক্ষার্থীর হাতে তুলে দেওয়া হলো বিনামূল্যের নতুন বই। সাপ্তাহিক ছুটির দিনে হলেও বছরের প্রথম দিনেই শিক্ষার্থীদের হাতে নতুন বই তুলে দেওয়া হয়। সকাল ১০টায় জিলা স্কুল মাঠে উৎসবমুখর পরিবেশে এ উৎসব উদ্বোধন করা হয়।

**ময়মনসিংহ :** শহরের প্রিমিয়ার আইডিয়াল হাইস্কুলে ময়মনসিংহ বিভাগের বই বিতরণ উৎসব উদ্বোধন করেন ময়মনসিংহ বিভাগীয় কমিশনার জি.এম সালেহ-উদ্দিন। এ বিভাগের বিভিন্ন জেলায় আড়াই কোটি বই বিতরণ করা হয়।

**সাতক্ষীরা :** জেলায় প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয়ের

### বছরের প্রথম দিনে বই উৎসব

শিক্ষার্থীদের মধ্যে নতুন বছরের প্রথম দিনে বিনামূল্যে প্রায় ৪১ লাখ পিস বই বিতরণই করা হয়। সকালে সাতক্ষীরা সরকারি বালক উচ্চ বিদ্যালয় প্রাঙ্গণে বই বিতরণ ও বই উৎসব উদ্বোধন করেন সাতক্ষীরা সদর-২ আসনের সাংসদ মুক্তিযোদ্ধা মীর মোস্তাক আহমেদ রবি।

**পিরোজপুর :** বছরের প্রথম দিন শহরের করিমুন্নেছা সরকারি মডেল প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গণে আয়োজিত অনুষ্ঠানে থেকে বই উৎসব উদ্বোধন করেন পিরোজপুর-১ আসনের সাংসদ সদস্য একেএমএ আউয়াল।

**পঞ্চগড় :** পঞ্চগড়-১ আসনের সংসদ সদস্য নাজমুল হক প্রধান সদর উপজেলার সদ্য বিলুপ্ত গাড়াতি ছিটমহলের বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান আলিম মাদ্রাসা মাঠে শিক্ষার্থীদের মধ্যে বই বিতরণ

করে উৎসব উদ্বোধন করেন।

**জয়পুরহাট :** জয়পুরহাটে উৎসবমুখর পরিবেশে প্রাথমিক, এবতেদায়ি, মাদ্রাসা ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীদের মধ্যে বিনামূল্যে নতুন পাঠ্যবই বিতরণ শুরু হয়। শহরের জয়পুরহাট রামদেও বাজলা সরকারি উচ্চ বিদ্যালয় মাঠে বই উৎসব উদ্বোধন করেন জেলা প্রশাসক মো. আব্দুর রহিম।

**ভোলা :** ভোলা সরকারি বালক ও বালিকা উচ্চ বিদ্যালয়ে বই উৎসব উদ্বোধন করেন জেলা প্রশাসক মো. সেলিম রেজা। এ সময় পগস্ট অব অনার হিসেবে বঙ্গবন্ধু রাখেন জেলা পরিষদের প্রশাসক আবদুল মমিন টুলু, পৌর মেয়র মোহাম্মদ মনিরুজ্জামান প্রমুখ।

**চাঁপাইনবাবগঞ্জ :** জেলা প্রশাসক মোহাম্মদ জাহাঙ্গীর কবীর নবাবগঞ্জ মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে জাতীয় বই উৎসব উদ্বোধন করেন।

এ ছাড়া যশোর, দিনাজপুর, মাদারীপুর, সিরাজগঞ্জ, নাটোর, টাঙ্গাইল, নীলফামারী, রংপুর, কুড়িগ্রাম, পটুয়াখালী, নৌলজীবাজর, হবিগঞ্জের মাধবপুর, গাইবান্ধার সুন্দরগঞ্জ, মেহেরপুরের গাংনী, ঠাকুরগাঁওয়ের পীরগঞ্জ, কুমিল্লার নাঙ্গলকোট ও বরুড়া, কিশোরগঞ্জের পাকুন্দিয়া ও ভৈরব, চট্টগ্রামের মিরসরাই ও ফটিকছড়ি, চাঁদপুরের ফরিদগঞ্জ ও গাজীপুরের টঙ্গীসহ বিভিন্ন জেলা ও উপজেলা থেকে বই উৎসবের খবর পাঠিয়েছেন প্রতিনিধিরা।